



DEPARTMENT OF MASS
COMMUNICATION AND
JOURNALISM
UNIVERSITY OF DHAKA



TRANSPARENCY
INTERNATIONAL
BANGLADESH

Social movement against corruption

দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণ

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) যৌথভাবে দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করছে। দেশের ছয়টি বিভাগে পর্যায়ক্রমে এই কর্মসূচির আয়োজন করা হবে। এই আয়োজনের অংশ হিসেবে প্রথম পর্যায়ে চট্টগ্রাম বিভাগের আওতাধীন এলাকায় কর্মরত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার অগ্রহী প্রতিবেদকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

অনুসন্ধানী সাংবাদিকতায় পেশাদারী উৎকর্ষ সাধন ও দুর্নীতি বিষয়ে গণমাধ্যম কর্মীদের প্রতিবেদন রচনায় উৎসাহিত করা এবং দক্ষতা বাড়ানোর লক্ষে আয়োজিত এ প্রশিক্ষণ কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ প্রশিক্ষণ প্রদান করবেন।

প্রার্থীর যোগ্যতা:

- ন্যূনতম স্নাতক ডিগ্রী
- প্রিন্ট অথবা ইলেক্ট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিক
- প্রতিবেদক হিসেবে ন্যূনতম তিন বছরের অভিজ্ঞতা
- দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী প্রতিবেদন রচনায় অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে
- সর্বোচ্চ বয়সসীমা ৪০ (২৮ ফেব্রুয়ারি ২০১০ পর্যন্ত)

আবেদনের নিয়মাবলী:

- পাসপোর্ট সাইজ ছবিসহ এক কপি জীবন বৃত্তান্ত (অনধিক ২ পৃষ্ঠা)
- অংশগ্রহণে কেন ইচ্ছুক এ বিষয়ে সংক্ষিপ্ত বর্ণনাসহ একটি আবেদনপত্র
- প্রতিবেদকের প্রকাশিত অথবা প্রচারিত একটি অনুসন্ধানী প্রতিবেদনের কপি
- প্রশিক্ষণে অংশগ্রহণে নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিপত্র

নির্বাচিত প্রার্থীদের নিরবচ্ছিন্নভাবে তিনদিন আবাসিক প্রশিক্ষণের জন্য প্রস্তুত থাকতে হবে। থাকা ও খাওয়ানাসহ প্রশিক্ষণার্থীদের জনপ্রতি তিন হাজার টাকা সম্মানী দেওয়া হবে। নির্বাচকমণ্ডলী আবেদনকারীদের মধ্য থেকে প্রশিক্ষণের জন্য উপযুক্ত প্রার্থী নির্বাচন করবেন। এক্ষেত্রে তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত। নারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। প্রার্থী নির্বাচনে কর্তৃপক্ষকে প্রভাবিত করার চেষ্টা অযোগ্যতা বলে বিবেচিত হবে। নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণের সময় এবং স্থান সম্পর্কে যথাসময়ে জানানো হবে।

আবেদনের শেষ তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০১০

আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
বাড়ী - ১৪১ (২য় তলা), সড়ক - ১২, ব্লক ই, বনানী, ঢাকা - ১২১৩।
ফোন: ৯৮৮৭৮৮৪, ৮৮৫৪৪৫৬, ই-মেইল: advocacy@ti-bangladesh.org



সংবাদ বিজ্ঞপ্তি

দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণের জন্য ঢাবি সাংবাদিকতা বিভাগ ও টিআইবি'র আবেদনপত্র আহ্বান

ঢাকা, ৩১ জানুয়ারি ২০১০, রবিবার: গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) যৌথভাবে দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করছে। দেশের ছয়টি বিভাগে পর্যায়ক্রমে এই কর্মসূচির আয়োজন করা হবে। এই আয়োজনের অংশ হিসেবে প্রথম পর্যায়ে চট্টগ্রাম বিভাগের আওতাধীন এলাকায় কর্মরত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার আগ্রহী প্রতিবেদকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। অনুসন্ধানী সাংবাদিকতায় পেশাদারী উৎকর্ষ সাধন ও দুর্নীতি বিষয়ে গণমাধ্যম কর্মীদের প্রতিবেদন রচনায় উৎসাহিত করা এবং দক্ষতা বাড়ানোর লক্ষে আয়োজিত এ প্রশিক্ষণ কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ প্রশিক্ষণ প্রদান করবেন।

প্রার্থীর যোগ্যতা হচ্ছে ন্যূনতম স্নাতক ডিগ্রী। প্রিন্ট অথবা ইলেক্ট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিক হতে হবে। প্রতিবেদক হিসেবে ন্যূনতম তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী প্রতিবেদন রচনায় অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। ২৮ ফেব্রুয়ারি ২০১০ প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৪০ এর মধ্যে হতে হবে।

আবেদনের ক্ষেত্রে প্রার্থীকে পাসপোর্ট সাইজ ছবিসহ অনধিক ২ পৃষ্ঠার এক কপি জীবন বৃত্তান্ত, অংশগ্রহণে কেন ইচ্ছুক এ বিষয়ে সংক্ষিপ্ত বর্ণনাসহ একটি আবেদনপত্র পাঠাতে হবে। প্রতিবেদকের প্রকাশিত অথবা প্রচারিত একটি অনুসন্ধানী প্রতিবেদনের কপি প্রশিক্ষণে অংশগ্রহণে নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিপত্রসহ আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ বাড়ী - ১৪১ (২য় তলা), সড়ক -১২, ব্লক ই, বনানী, ঢাকা -১২১৩ এই ঠিকানায় আগামী ২৮ ফেব্রুয়ারির মধ্যে প্রেরণ করতে হবে।

নির্বাচিত প্রার্থীদের নিরবচ্ছিন্নভাবে তিনদিন আবাসিক প্রশিক্ষণের জন্য প্রস্তুত থাকতে হবে। থাকা ও খাওয়ানাসহ প্রশিক্ষণার্থীদের জনপ্রতি তিন হাজার টাকা সম্মানী দেওয়া হবে। নির্বাচকমণ্ডলী আবেদনকারীদের মধ্য থেকে প্রশিক্ষণের জন্য উপযুক্ত প্রার্থী নির্বাচন করবেন। এক্ষেত্রে তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত। নারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণের সময় এবং স্থান সম্পর্কে যথাসময়ে জানানো হবে। এ বিষয়ে বিস্তারিত টিআইবির ওয়েবসাইটে www.ti-bangladesh.org জানা যাবে।

গণমাধ্যম যোগাযোগ:

এস. এম. রিজওয়ান - উল - আলম
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইল: ০১৭১৩ ০৬৫০১২
rezwan@ti-bangladesh.org